

বিশ্বখ্যাত হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় ডাক পেলেন জাবি অধ্যাপক

জাবি প্রতিনিধি

২১ অক্টোবর ২০২৩, ১০:১৫ পিএম



অধ্যাপক ড. মোহাম্মদ তারিকুল ইসলাম

বিশ্বখ্যাত হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে গবেষণা ও শিক্ষকতার জন্য আমন্ত্রণ পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ তারিকুল ইসলাম। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ওয়েবারহেড স্কলারস প্রোগ্রামের আওতায় সেন্টার ফর ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স-এ ভিজিটিং স্কলার হিসেবে যোগদান করবেন তিনি।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তারিকুল ইসলাম বলেন, হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে পাঠদান এবং গবেষণার অভিজ্ঞতা আমার দক্ষতা এবং সক্ষমতা আরও বৃদ্ধি করবে। হার্ভার্ড থেকে অর্জিত অভিজ্ঞতা কাজে লাগিয়ে শিক্ষা ও গবেষণায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে বিশ্বের দরবারে সুপরিচিত করতে চাই। ২০২৪ সালের জানুয়ারিতে এই পাঠদান কার্যক্রম শুরু হওয়ার কথা রয়েছে।

ড. তারিকুল ইসলাম ২০১৪ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। বিশ্ববিদ্যালয়ে যোগদানের পূর্বে তিনি সাত বছরেও বেশি সময় জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-তে কর্মরত ছিলেন। শিক্ষা ও গবেষণার অংশ হিসেবে তিনি বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে রিসোর্স পারসন হিসেবে যুক্ত রয়েছেন। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পত্রিকা এবং জার্নালে নিয়মিত তার গবেষণা প্রকাশিত হয়েছে।

ভারত থেকে প্রকাশিত তার সম্পাদিত বই, ‘হিউম্যান সিকিউরিটি, পিস অ্যান্ড ডেভেলপমেন্ট: সাউথ এশিয়ান পারস্প্রেক্টিভ’। এছাড়াও তার দুটি উল্লেখযোগ্য গ্রন্থ ‘দুর্ঘটনা সুশাসন এবং উন্নয়ন: বাংলাদেশ প্রেক্ষিত’ স্প্রিংব্রার থেকে এবং ‘বাংলাদেশে স্থানীয় সরকার: সমসাময়িক সমস্যা এবং চ্যালেঞ্জ’ রাউটলেজ থেকে প্রকাশিত হয়েছে। তিনি ইতোমধ্যে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, কেমব্ৰিজ বিশ্ববিদ্যালয় এবং স্কুল অফ ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজ থেকে একাধিক মর্যাদাপূর্ণ ফেলোশিপ সফলভাবে সম্পন্ন করেছেন।

শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় বিখ্যাত ‘হায়ার এডুকেশন ডাইজেস্ট’ থেকে ‘সেরা উদ্দীয়মান স্কলার’ এবং নেপালের একটি জাতীয় দৈনিক থেকে ২০২১ সালের ‘সেরা লেখক’ হিসেবে তিনি স্বীকৃতি লাভ করেন।